ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





ফিরছেন টাইগার, এক ঝলকেই বাজিমাত সালমানের — পৃঃ ৫





প্রস্তুতি ম্যাচ দিয়ে প্রস্তুত হতে চান উইলিয়ামসন — পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৭১ ● কলকাতা ● ১৪ আশ্বিন, ১৪৩০ ● সোমবার ● ০২ অক্টোবর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা


## তৃণমূলের সঙ্গে দেখা করতে রাজি

## কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, কী পদক্ষেপ নেবেন অভিষেক?




**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** হাজারও প্রতিকূলতা পেরিয়ে প্রাপ্য আদায়ের দাবিতে তৃণমূলের 'দিল্লি চলো' অভিযানের প্রথম পদক্ষেপ হিসেবে ইতিমধ্যেই রাজধানীর বুকে হাজির বাংলার বঞ্চিতরা। সোমবার, গান্ধীজয়ন্তীতে রাজঘাটে ধরনা কর্মসূচি দিয়ে তা শুরু। ৩ তারিখ কৃষিভবনে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত মন্ত্রী গিরিরাজ সিংয়ের সঙ্গে দেখা করতে চান তাঁরা।প্রিয় পাঠক, খবরটি সদ্য আমাদের কাছে এসেছে। যেটুকু তথ্য এর মধ্যে পাওয়া গিয়েছে, সেটুকুই আপনাদের জানিয়ে দেওয়া হল। গুরুত্বপূর্ণ এই খবরটি খুঁটিনাটি-সহ কিছুক্ষণের মধ্যেই আমরা সবিস্তারে জানাব। অনুগ্রহ করে একটু পরে আর-একবার এই পেজটি রিফ্রেশ করুন, যাতে পূর্ণাঙ্গ খবর ও খবরটির অন্যান্য খুঁটিনাটি আপনারা জেনে নিতে পারেন। এই সময়টুকু আমরা আপনাদের কাছে চেয়ে নিলাম। পাশাপাশি উল্লেখ থাক, সম্প্রতি নেটমাধ্যমে নানারকম ভুয়ো খবরের ছড়াছড়ি। সে বিষয়ে আমরা যথাসম্ভব সতর্ক থেকেই খবর পরিবেশন করি। যে-কোনো খবরের সত্যাসত্য যাচাই করে তবেই আপনাদের কাছে তা পৌঁছে দেওয়া আমাদের কর্তব্য। আপনারা আমাদের সঙ্গে থাকুন, ঠিক ও তথ্যনিষ্ঠ খবর তুলে ধরার ক্ষেত্রে আপনাদের সহায়তা আন্তরিকভাবে কাম্য।কিন্তু মন্ত্রী ওইদিন থাকবেন না বলে জানিয়েছেন। তৃণমূল প্রতিনিধিদের সঙ্গে দেখা করতে পারেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন। কিন্তু তাতে কি সম্মত তৃণমূল? তা স্থির করতেই রবিবার দলের বর্ষীয়ান সাংসদ সৌগত রায়ের বাড়িতে রণকৌশল বৈঠকে বসছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। হাজির থাকবেন দলের সাংসদ, বিধায়করা।

## মিশন দিল্লি' বানচাল করতে বিজেপি উঠে পড়ে লেগেছে

# বলেই অভিযোগ ঘাসফুল শিবিরের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বঞ্চিতদের প্রাপ্য আদায়ে তৃণমূলের দিল্লি যাত্রা নিয়ে জটিলতার শেষ নেই। ট্রেন, বিমান বাতিল হয়েছে আগেই। বিকল্প পথে বাসে চড়েই রাজধানীর উদ্দেশে রওনা দিয়েছেন তৃণমূল কর্মী-সমর্থকরা। 'মিশন দিল্লি' বানচাল করতে বিজেপি উঠে পড়ে লেগেছে বলেই অভিযোগ ঘাসফুল শিবিরের।এর আগেই হুঁশিয়ারি দিয়েছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। শুক্রবার নেতাজি ইন্ডোর থেকে এবং শনিবার ভারচুয়াল সমাবেশে তিনি বলেন, 'বাংলার একটা মানুষের গায়ে যদি হাত পড়ে দিল্লিতে, একটা আঁচড় যদি পড়ে শ্রমিক কৃষকের উপর। একটা গরিব মানুষের গায়ে যদি হাত পড়ে ইট কা জবাব পাত্থর সে, কীভাবে দিতে হয় সেটা গণতান্ত্রিকভাবে আগামিদিন মানুষ দেবে।' অভিষেক গণতান্ত্রিক পথে প্রতিদ্বন্দ্বিতার কথা বললেও সেচমন্ত্রীর কথা উসকানিমূলক বলেই দাবি গেরুয়া শিবিরের।তারই মাঝে বিস্ফোরক সেচমন্ত্রী পার্থ ভৌমিক।

শনিবার টিটাগড়ে দমদম-বারাকপুর সংগঠনিক জেলা অফিসে সাংবাদিকদের মুখোমুখি হয়ে পার্থ ভৌমিক হুঁশিয়ারির সুরে বলেন, 'দিল্লি পুলিশ লাঠি চালালে, বাংলাতেও পুলিশ বসে থাকবে না। দিল্লি পুলিশ একা লাঠি চালাতে পারে না। পশ্চিমবঙ্গ পুলিশও লাঠি চালাতে পারে।' ওয়াকিবহাল মহলের মতে, সেচমন্ত্রী নাম না করে বিজেপিকেই বার্তা দিয়েছে। তাঁর এই মন্তব্যে স্বাভাবিকভাবেই বিতর্ক মাথাচাড়া দিয়েছে।

## জোড়া বিস্ফোরণের পর

## পাকিস্তানের মাটি থেকে সন্ত্রাসের দৌরাত্ম্য নিকেশের হুঙ্কার সেনাপ্রধানের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিরন্তর সেনা-অভিযান চালিয়ে পাকিস্তানের মাটি থেকে সন্ত্রাসের দৌরাত্ম্য পুরোপুরি নিকেশ করবেন, ঘোষণা সে দেশের সেনাপ্রধান জেনারেল সৈয়দ আসিম মুনিরের। গত শুক্রবার, পাকিস্তানে জোড়া আত্মঘাতী বিস্ফোরণে মারা গিয়েছেন ৬৫ জন। তার পরই এই ঘোষণা পাক সেনাপ্রধানের।একটি থিঙ্কট্যাঙ্ক সংস্থার হিসেব বলছে, গত ৮ বছরে জঙ্গি হামলার বলি হিসেবে পাক নিরাপত্তাকর্মীদের সংখ্যা ক্রমবর্ধমান। এর মধ্যে চলতি বছরের প্রথম নয় মাসে অন্তত ৩৮৬ জন পাক নিরাপত্তাকর্মীর মৃত্যু হয়েছে। নামে ওই সংস্থার আরও দাবি, গোটা পাকিস্তান জুড়ে একই মেয়াদে অন্তত ৫৭ শতাংশ হিংসাত্মক ঘটনা বেড়েছে। মূলত বালোচিস্তান এবং খাইবার পাখতুনখোয়া এলাকাতেই এই হিংসাত্মক ঘটনাগুলি ঘটেছে, আরও দাবি তাদের। এই পরিসংখ্যানের প্রেক্ষিতে পাক সেনাপ্রধানের সাম্প্রতিক ঘোষণার আলাদা তাতপর্য রয়েছে বলেই মনে করছে সংশ্লিষ্ট মহল।

ভারত যদিও দীর্ঘদিন ধরেই মনে করে, জঙ্গিদের নানা ভাবে মদত দিয়ে আসছে পাকিস্তান। এই মদতে


এরপর ৩ পাতায়





## উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে

# হিন্দুস্তান কপার লিমিটেডে পালিত হল এক তারিখ - এক ঘন্টা - এক সাথ




**কলকাতা,অক্টোবর ০১, ২০২৩: নিউজ সারাদিন :** সারা দেশের মতোই উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে রাষ্ট্রায়ত্ব সংস্থা হিন্দুস্তান কপার লিমিটেডের কলকাতাস্থিত প্রধান কার্যালয়ের কর্মীরা স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচীর অঙ্গ হিসাবে পালন করলো 'এক তারিখ এক ঘনটা এক সাথ' অভিযান।এই উপলক্ষে, সংস্থার চেয়ারম্যান তথা ম্যানেজিং ডিরেক্টর শ্রী ঘনশ্যাম শর্মা,মিনিস্ট্রি অফ মাইনসের অর্থনৈতিক উপদেষ্টা শাকিল আলম ও হিন্দুস্তান কপারের কলকাতাস্থিত প্রধান কার্যালয়ের অন্যান্য আধিকারিক ও কর্মীরা কলকাতার পদ্মপুকুর ও ভবানীপুর এলাকায় স্বচ্ছতা অভিযানে অংশ নেন। অনুষ্ঠানে মাননীয় শ্রী শর্মা বলেন শুধু নিজের বাসস্থান বা কর্মস্থলে নয়,নিজেদের চারপাশের পরিবেশেও সবসময় স্বচ্ছতা বজায় রাখা উচিত।এর ফলে যেমন হাইজিন বজায় থাকবে তেমনি কোন রোগের সংক্রমণও হবে না।তাই সারা বছর এই স্বচ্ছতা কর্মসূচিতে অংশ নেওয়া জন্য তিনি সবাইকে আবেদন জানান।

## ফের সোশ্যাল মিডিয়ায় দলের অন্তর্কলহ নিয়ে

# উষ্মাপ্রকাশ বিজেপি বিধায়কের, তুঙ্গে বিতর্ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কয়েক দিন আগেই দলের সাংগঠনিক রদবদল নিয়ে ফেসবুকে ক্ষোভ প্রকাশ করেছিলেন বঙ্গ বিজেপির কবিয়াল বিধায়ক অসীম সরকার । দলের বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতির বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়েছিলেন তিনি। এর ফলে গেরুয়া শিবিরের আভ্যন্তরীন কোন্দল ও ক্ষোভ-বিক্ষোভ ফের সামনে এসেছিল। বিজেপি বিধায়কের এই পোস্ট ঘিরে স্বাভাবিকভাবেই দানা বেঁধেছে বিতর্ক। পোস্ট নিয়ে গেরুয়া শিবিরে তুমুল চর্চা শুরু হয়েছে। কটাক্ষ করতে ছাড়েনি তৃণমূল। বিধায়কের এই লাগাতার সোশ্যাল মিডিয়ায় সরব হওয়া নিয়ে প্রবল অস্বস্তিতে বঙ্গ বিজেপি।এবার ফের দলের কোন্দলের প্রতিবাদ ও সংশোধনের দাবি জানিয়ে ফেসবুক পোস্ট করলেন বিধায়ক অসীম সরকার। অসীমবাবু এদিন লিখেছেন, '২০২৪-এর লোকসভা ভোটে বাংলা থেকে বিজেপি একটা আসন না পেলেও দেশে নরেন্দ্র মোদি ক্ষমতায় আসবে। কিন্তু আমাদের (বিজেপি) উচিত সমস্ত অন্তর্দ্বন্দ্ব ভুলে গিয়ে সঠিক ব্যক্তিকে সঠিক মর্যাদা দিয়ে, সংগঠনকে শক্তিশালী করে বাংলা থেকে কমপক্ষে ৩৫ জন এমপিকে জয়লাভ করিয়ে দিল্লিতে পাঠানো আমাদের কর্তব্য। নিজেদের ভুলের জন্য নিজেরাই যেন নিজেদের পায়ে কুঠারাঘাত না করে বসি।'

## খেলার সময় হঠাৎ ধসে পড়ল দেয়াল, প্রাণ গেল তিন শিশুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাঁকুড়ার বিষ্ণুপুর থানার বোড়ামারা গ্রামে দেয়াল ধসে তিন শিশুর মৃত্যু হয়েছে।

ওই তিন শিশুর পরিচয় জানা গেছে। তারা হলো- রোহন সর্দার (৫), নিশা সর্দার (৪) এবং অঙ্কুশ সর্দার (৩)।

জানা গেছে, শুক্রবার বিকালের পর থেকেই বাঁকুড়া জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি শুরু হয়। প্রায় সারা রাত ধরেই বৃষ্টি হয়েছে। শনিবার সকালে বৃষ্টি একটু কমেছিল। তখন বোড়ামারা গ্রামের একটি কাঁচা বাড়ির সামনে ওই তিন শিশু খেলছিল। আচমকা ওই বাড়ির দেয়ালের একাংশ হুর মুড়িয়ে ধসে পড়ে। এতেই চাপা পড়ে তিন শিশু।

দেয়াল ভেঙে পড়ার শব্দ শুনে আশেপাশের লোকজন ছুটে আসে। বেশ কিছু সময় চেষ্টা করার পর স্থানীয় লোকজন ভাঙ্গা দেয়ালের ধ্বংসস্তূপ থেকে তিন শিশুকে উদ্ধার করে।

শিশুদের উদ্ধার করার পর বিষ্ণুপুর সুপার স্পেশালিস্ট হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকরা ওই তিন শিশুকে মৃত বলে ঘোষণা করেন।

## তৃণমূলের পালটা কর্মসূচি!

# এবার দিল্লির রাজপথে আন্দোলনে রাজ্যের 'বঞ্চিত' চাকরিপ্রার্থীরাও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিল্লিতে যাচ্ছেন বঞ্চিত চাকরিপ্রার্থীরাও। নিয়োগের দাবিতে আগামী দুদিন সেখানে আন্দোলন করবেন তাঁরা। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দিল্লিতে দেখা করার চেষ্টাও করবেন বঞ্চিতরা। উল্লেখ্য, বাংলাকে বঞ্চনার প্রতিবাদে আগামী ২ দিন দিল্লিতে প্রতিবাদ কর্মসূচি করবে তৃণমূল।পূর্বতন বাম সরকারের আমলে ২০০৯ সালে প্রাথমিক শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি হয়েছিল। পরীক্ষাও হয়েছিল। কিন্তু তৃণমূল সরকার ক্ষমতায় এসে সেই নিয়োগ বাতিল করে। ২০১৪ সালে নতুন করে ইন্টারভিউ নেওয়া হয়। প্রত্যন্ত জেলাগুলির নিয়োগ হলেও দক্ষিণ ২৪ পরগনা নিয়োগ আটকে যায়। আন্দোলনকারীদের অভিযোগ, ২০১৪ সালের চাকরিপ্রার্থীদের প্যানেলেই প্রকাশিত হয়নি। ১৩ বছর ধরে নিয়োগের আশায় বসে রয়েছেন তাঁরা। এবার দিল্লিতে আন্দোলনে নামছে তারা।একই সময় রাজ্য সরকারের বিরুদ্ধে নিয়োগে বঞ্চনার অভিযোগ তুলে প্রতিবাদ কর্মসূচি পালন করবেন বঞ্চিত চাকরিপ্রার্থীরা। এক যুগ পেরিয়ে গেলেও নিয়োগ পাননি ২০০৯ সালের দক্ষিণ ২৪ পরগনার প্রাইমারির চাকরিপ্রার্থীরা। প্রতিবাদে কলকাতার রাজপথে একাধিকবার আন্দোলন করেছেন তাঁরা। বারবার অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে চেয়েছেন। কিন্তু তাঁর দেখা পাননি বলে দাবি নিয়োগ প্রার্থীদের। রাজ্যকে বঞ্চনার অভিযোগে আগামী দুদিন দিল্লিতে আন্দোলন করবে তৃণমূল। নেতৃত্ব দেবেন অভিষেক। সেখানেই তাঁর সঙ্গে সাক্ষাতের চেষ্টা করবেন চাকরিপ্রার্থীরা। বঞ্চিত চাকরিপ্রার্থীদের ৮ প্রতিনিধি দল দিল্লি রওনা দিয়েছেন রবিবার। সেখানে দিল্লি পুলিশের সদর দপ্তরে দেখা করে অনুমতি চাইবেন। সেই অনুমতি পেলে যন্তরমন্তরে প্রতিবাদ কর্মসূচি করবেন। যেতে পারেন রাজঘাটেও। গান্ধীমূর্তির পাদদেশেও বিক্ষোভ কর্মসূচি করতে পারেন বঞ্চিত চাকরিপ্রার্থীরা। এমনকী, নিয়োগের দাবিতে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর সঙ্গেও দেখা করতে পারেন তাঁরা, জানিয়েছেন বঞ্চিত চাকরিপ্রার্থী দেবাশিস বিশ্বাস। এমনকী, প্রধানমন্ত্রীর দপ্তরেও যেতে পারেন তারা। রাজনৈতিক মহলের মতে, কেন্দ্রীয় বঞ্চনার প্রতিবাদে দিল্লির রাজপথে আন্দোলনে নামছে তৃণমূল। একইসময় রাজ্যের বিরুদ্ধে নিয়োগে বঞ্চনা ও দুর্নীতির অভিযোগ তুলে দিল্লিতে আন্দোলনে নামতে চলেছে চাকরিপ্রার্থীরা। যা অত্যন্ত তাতপর্যপূর্ণ।

## পূর্ব রেলের স্বচ্ছতা হি সেবা কর্মসূচি উদযাপন



**কলকাতা, ১ অক্টোবর, ২০২৩: নিউজ সারাদিন :** ২০১৪ সালের ২ অক্টোবর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী যে স্বচ্ছ ভারত অভিযানের সূচনা করেছিলেন, তা আজ জনআন্দোলনে পরিণত হয়েছে। অন্যান্য বছরের মত এবছরও রেলমন্ত্রক ১৫ নভেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত স্বচ্ছতা পাখওয়াড়া বা পরিচ্ছন্নতা পক্ষ পালন করছে। ভারতীয় রেল, কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রক এবং জনশক্তি মন্ত্রকের সঙ্গে যৌথভাবে এবছর নানা অনুষ্ঠানের আয়োজন করেছে। গান্ধী জয়ন্তীর প্রাক্কালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে আজ দেশজুড়ে মানুষ এক ঘন্টা শ্রমদান করেছে। পূর্ব রেলে হাওড়া, শিয়ালদহ, আসানসোল ও মালদহ ডিভিশনের সদর দপ্তর সহ লিলুয়া, কাঁচরাপাড়া, জামালপুর এবং বজবজ ওয়ার্কশপে এই উপলক্ষে আধিকারিক ও কর্মীরা শ্রমদান করেন। প্রিন্সেপঘাট রেলস্টেশনে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার শ্রী অমর প্রকাশ দ্বিবেদী সহ উর্ধ্বতন আধিকারিকরা এই অনুষ্ঠানে যোগ দেন। স্বচ্ছতা হি সেবা অর্থাৎ পরিচ্ছন্নতাই সেবা কর্মসূচির আওতায় পূর্ব রেল পরিবেশবান্ধব বিভিন্ন পদ্ধতিকে রেল পরিবহনের কাজে লাগাচ্ছে। ইতিমধ্যেই বিভিন্ন রেলস্টেশনে পরিচ্ছন্নতার নানা উদ্যোগ নেওয়া হয়েছে। ট্রেনের কোচে বায়োটয়লেট ব্যবহার করা হচ্ছে। এর ফলে, রেললাইন পরিষ্কার থাকছে। রেলস্টেশন সংলগ্ন অঞ্চল এবং রেল দপ্তরের কার্যালয়গুলিতে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান চালানো হয়েছে। এছাড়াও মানুষের মধ্যে পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে নিবিড় প্রচার চালানো হচ্ছে।

## আলিয়ার পর উত্তরবঙ্গ,

# ফের প্রাক্তন আইপিএসকে উপাচার্য নিয়োগ বোসের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে রাজ্য সরকারের সম্পর্ক তলানিতে ঠেকেছে। এই আবহেই ফের রাজ্যের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে অন্তর্বর্তীকালীন উপাচার্য নিয়োগ করলেন রাজ্যপাল আনন্দ বোস। সেই উপাচার্যদের তালিকায় রয়েছেন এক জন অবসরপ্রাপ্ত আইপিএস।ফের অবসরপ্রাপ্ত এক আইপিএসকে অন্তর্বতী উপাচার্যের আসনে বসানো নিয়ে কটাক্ষ করেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। দিল্লিতে ধর্না কর্মসূচি যোগ দেওয়ার জন্য কলকাতা বিমানবন্দরে এসে তিনি বলেছেন, "রাজ্যপাল সুপ্রিম কোর্টকেও যদি মানতে না চান, সেটা তাঁর অভিরুচি। বিষয়টি কোর্টের বিচারাধীন রয়েছে। আমরা নিশ্চিতভাবে বিষয়টি আদালতের দৃষ্টি আকর্ষণ করব। এটা কতটা আইনসঙ্গত কি না, তাও আদালতের সামনে তুলে ধরব। উপাচার্য হতে গেলে ইউজিসি-র যে নিয়ম রয়েছে তাও রাজ্যপাল মানছেন না।"এর আগেও আলিয়া বিশ্ববিদ্যালয়ে অন্তর্বর্তীকালীন উপাচার্য হিসাবে এক অবসরপ্রাপ্ত আইপিএস-কে নিয়োগ করেছিলেন রাজ্যপাল। যা নিয়ে বিতর্ক চরমে উঠেছিল। এর রেশ কাটতে না কাটতেই ফের সেই ঘটনার পুনরাবৃত্তি ঘটল।

ছ'টি বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। মুর্শিদাবাদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পেয়েছেন অচিন্ত্য সাহা। মহাত্মা গান্ধী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হচ্ছেন বিবি পারিদা। নিখিল চন্দ্র রায় পেয়েছেন কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব। আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পেলেন রথীন বন্দ্যোপাধ্যায়। বিশ্ব বাংলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে নিয়োগ করা হয়েছে দিলীপ মাইতিকে। অন্য দিকে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পাচ্ছেন সিএম রবীন্দ্রন।

সিএম রবীন্দ্রনকে নিয়েই নতুন করে শুরু হচ্ছে বিতর্ক। রবীন্দ্রন অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার। ১৯৭৭ ব্যাচের আইপিএস অফিসার তিনি। সিকিমের ডিজিপি হিসাবে সাড়ে পাঁচ বছর দায়িত্ব সামলেছেন তিনি। নেপালের কাঠমান্ডুতে ভারতীয় দূতাবাসের প্রথম সেক্রেটারি ছিলেন তিনি। ইনটেলিজেন্স ব্যুরোর ডেপুটি ডিরেক্টরও ছিলেন রবীন্দ্রন। এমনকি সিভি আনন্দ বোসের কর্মযোগী পুরষ্কারও পেয়েছেন তিনি। অবসরপ্রাপ্ত আমলাকে ফের উপাচার্য হিসাবে নিয়োগ করায় ফের বিতর্ক মাথাচাড়া দিচ্ছে। এর আগে অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার এম ওয়াহাবকে আলিয়া বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তীকালীন উপাচার্যের দায়িত্ব দিয়েছিলেন সিভি আনন্দ বোস।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১




শিলিগুড়িতে গোর্খা, নাগা, রাজবংশী, কামতাপুরী, ভূটানি, লেপচা, মুসলিম, খ্রিস্টান, বৌদ্ধ সহ বিভিন্ন জনজাতীর প্রতিনিধিদের দ্বারা আয়োজিত অনুষ্ঠানে পূজ্য শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারীকে মহারাজ উপাধিতে ভূষিত করলেন গোর্খা জনমুক্তি মোর্চার জননেতা বিমল গুরুং বিমল গুরুঙ্গ । রয়েছেন এ.আই.এম.ও-র প্রেসিডেন্ট অধ্যাপক নাসের আহমেদ ভাস্কর ।

১-ম পাতার পর

## জোড়া বিস্ফোরণের পর পাকিস্তানের মাটি থেকে সন্ত্রাসের দৌরাত্ম্য নিকেশের হুঙ্কার সেনাপ্রধানের

পাক গুপ্তচর সংস্থা আইএসআইয়ের পাশাপাশি সে দেশের সেনাবাহিনীর ভূমিকাও রয়েছে বলে দাবি নয়াদিল্লির। ভারত-বিরোধী সেই জঙ্গি কার্যকলাপই ব্যুমেরাং হয়ে রক্ত ঝরায় পাক মাটিতে, ব্যাখ্যা নয়াদিল্লির। সে দিক থেকে দেখলে পাক সেনাপ্রধানের এই কথার সারবত্তা নিয়ে প্রশ্ন থেকেই যায়, মনে করছেন অনেকে।শনিবার কোয়েত্তা পরিদর্শনে গিয়েছিলেন পাক সেনাপ্রধান। সেখানেই তাঁকে হালের সন্ত্রাসবাদী হামলার বিশদ বিবরণ দেওয়া হয়। পরে জেনারেল সৈয়দ আসিম মুনির বলেন, 'এই জঙ্গি ও তাদের মদতদাতাদের সঙ্গে ধর্ম এবং মতাদর্শের কোনও সম্পর্ক নেই। এরা পাকিস্তান ও পাক নাগরিকের শত্রুপক্ষের প্রতিনিধি।' এর পরেই তাঁর সংযোজন, 'আমাদের জঙ্গিদমন অভিযান নিরন্তর চলতে থাকবে। সন্ত্রাসবাদের দৌরাত্ম্য যত ক্ষণ পর্যন্ত না কমছে, তত ক্ষণ পর্যন্ত সেনাবাহিনী, গোয়েন্দা এবং আইন বলবতকারী সংস্থা এক মুহূর্ত চুপ করে বসবে না।'গত শুক্রবার বালোচিস্তানে মস্তাঙ্গে পবিত্র ধর্মীয় পরব উপলক্ষ্যে এক মিছিলে আত্মঘাতী বিস্ফোরণে ৬০ জনের মৃত্যু হয়, জখম হন আরও ৬০ জন। সেই খবরের ধাক্কা সামলে উঠতে না উঠতেই দ্বিতীয় আত্মঘাতী বিস্ফোরণ। দ্বিতীয় বিস্ফোরণের ঘটনাস্থল খাইবার পাখতুনখোয়া প্রদেশের হাঙ্গুর একটি পুলিশ স্টেশনের মসজিদে। সেখানে ৫ জনের মৃত্যু হয়, জখম হন ১২ জন। বিস্ফোরণের অভিঘাতে মসজিদের ছাদ ভেঙে পড়ে। এখনও পর্যন্ত কোনও জঙ্গিগোষ্ঠীই হামলার দায়স্বীকার করেনি। এমনকি পাকিস্তানের একাধিক জঙ্গি হামলার নেপথ্যে থাকা, নিষিদ্ধ সংগঠন তেহরিক-ই-তালিবান পাকিস্তানও হামলার সঙ্গে জড়িত থাকার যাবতীয় জল্পনা উড়িয়ে দিয়েছে।

## ভারতবর্ষের এয়ার ডিফেন্স সিস্টেম এস ৪০০ এর গোপন তথ্য কিভাবে পেল চীন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কথায় আছে অচেনা বন্ধুর থেকে চেনা শত্রু ভালো। তবে কখনও কি ভেবে দেখেছেন যে শত্রু যদি অচেনা হয় তবে কি হতে পারে? চীনের ক্ষেত্রে কিছুটা কিন্তু এমনই। কারন আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে চীন যে প্রচুর দেশের সাথে সম্পর্ক খারাপ করে রেখেছে তা বলাই বাহুল্য।

তবে কখনও কি ভেবে দেখেছেন যে এয়ার ডিফেন্সের ক্ষেত্রে শত্রুপক্ষের কাছে নিজেদের অবস্থান এবং টেকনোলোজি সর্বদা গোপন করে রাখতে হয়! আর সেই কারনে রাশিয়ার এস ৪০০ ক্রয় করা হলেও কিছুটা চিন্তা থেকেই যাচ্ছে। তবে রাশিয়ার থেকে এই মিসাইল ক্রয় করা হলেও আগে থেকেই ভারতের হাতে রয়েছে ইসরায়েলের এয়ার ডিফেন্স সিস্টেম বারক ৮। যা সত্যি চিন্তার বিষয় চীনের কাছে। কারন ইসরায়েলের টেকনোলোজি হেলাফেলা নয় তা সারা পৃথিবী ভালো করেই জানে। বারাক ৮ ভারতের একাধিক যুদ্ধজাহাজ গুলিতে মোতায়েন করা রয়েছে।

বারাক ৮ এর আর্মি ভ্যারিয়েন্টের এবার সফল পরীক্ষা করা হল। বারাক-৮ ভারতের সেনাবাহিনী, বিমানবাহিনী ও নৌবাহিনীর এয়ার ডিফেন্সে বড় সংযোজন। এই ডিফেন্স সিস্টেমটি ২০১৭ সাল থেকে এটি তৈরির কাজ চলছে। যুদ্ধাস্ত্রটি সম্পর্কে খুব একটা বিষদে এখনও জানা সম্ভব হয়নি। তবে এটি ম্যাক ২ অর্থাত ২৩ কিমি/ ঘণ্টার গতিবেগে শত্রুপক্ষের হুমকির মোকাবেলা করতে পারে। বর্তমানে ভারত এবং ইসরায়েল এই সিস্টেমটি ব্যবহার করে।এই মিসাইল সিস্টেম ভারতে হাতে আসলে যে ভারতের শক্তি বৃদ্ধি পাবে তা বলাই বাহুল্য। শত্রুপক্ষের হামলা থেকে ভারতের আকাশকে দুর্ভেদ্য করে তুলবে। তবে এই সিস্টেম ইতিমধ্যে হাতে রয়েছে চীনের, অর্থাত ভারতের যে দুই শত্রু দেশ রয়েছে তার মধ্যে একটি দেশের কাছে এই সিস্টেম ইতিমধ্যে রয়েছে। ২০১৪ সালে চুক্তি সম্পন্ন করে চীন এবং তারপরে তারা হাতে পায় এই এয়ার ডিফেন্স সিস্টেম। এখনও পর্যন্ত ভারত হাতে পেলেও চীন বেশ কয়েক বছর এটি ব্যবহার করছে ফলে এটি তাদের কাছে জানা যে এর সুবিধা বা অসুবিধা কোথায় রয়েছে।

## স্বচ্ছতা হি সেবা-র আওতায় পিআইবি কলকাতার উদ্যোগে "এক তারিখ এক ঘন্টা এক সাথ" কর্মসূচি পালিত হয়েছে




**কলকাতা, ১ অক্টোবর, ২০২৩ : নিউজ সারাদিন :** কলকাতার প্রেস ইনফরমেশন ব্যুরো আজ স্বচ্ছতা হি সেবা বা পরিচ্ছন্নতাই সেবা-র আওতায় "এক তারিখ এক ঘন্টা এক সাথ" কর্মসূচি পালন করেছে। সংস্থার আধিকারিক ও কর্মীরা সক্রিয় ভাবে পরিচ্ছন্নতা অভিযানে যোগ দেন। তাঁরা দপ্তরের পার্শ্ববর্তী অঞ্চল পরিষ্কার করেন এবং দেশকে পরিচ্ছন্ন রাখতে সর্বসাধারণের উদ্দেশে আহ্বান জানান। দেশজুড়ে পরিচ্ছন্নতা অভিযানে সকলকে যুক্ত করাই এই কর্মসূচির উদ্দেশ্য। জাতির জনকের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে স্বচ্ছ ভারত অভিযানের অঙ্গ হিসেবে এই শ্রমদান করা হল। এবছরের স্বচ্ছতা হি সেবার মূল ভাবনা জঞ্জাল মুক্ত ভারত।

## তুরস্কের সংসদ ভবনে আত্মঘাতী হামলার চেষ্টা, খতম দুই জঙ্গি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তুরস্কের রাজধানী আঙ্কারায় সংসদ ভবনে আত্মঘাতী হামলার চেষ্টা ব্যর্থ। রবিবার দুই জঙ্গি ওই হামলার চেষ্টা চালায়। এক জঙ্গি নিজের শরীরে বাঁধা বোমায় বিস্ফোরণ ঘটিয়ে ছিন্নভিন্ন হয়ে গিয়েছে। বন্দুকযুদ্ধে অন্য জঙ্গিকে খতম করেছে পুলিশ। গুলির লড়াইয়ে দুই পুলিশ আধিকারিক সামান্য চোট পেয়েছেন।খোদ রাজধানীর সামনে ভয়াবহ বিস্ফোরণ ও গুলির শব্দ শুনে আতঙ্কিত হয়ে পড়েন স্থানীয় বাসিন্দারা। অনেকেই প্রাণ ভয়ে ছোটাছুটি শুরু করে দেন। তুরস্কের অভ্যন্তরীণ নিরাপত্তা মন্ত্রকের এক মুখপাত্র জানিয়েছেন, বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে। গুলি যুদ্ধে আহত দুই পুলিশ আধিকারিক সুস্থ রয়েছেন। জঙ্গি হামলার চেষ্টা ব্যর্থ হলেও কোনও ঝুঁকি না নিয়ে গোটা সংসদ ভবন ও বিভিন্ন মন্ত্রকের কার্যালয়কে নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে।কাতার ভিত্তিক সংবাদমাধ্যম 'আল-জাজিরা' জানিয়েছেন, এদিন থেকেই তুরস্কের সংসদ ভবনের অধিবেশন বসার কথা ছিল। যার ফলে সংসদ চত্বরে সকাল থেকেই জনসমাগম ছিল। স্থানীয় সময় সকাল সাড়ে ৯ টা নাগাদ দুই জঙ্গি আচমকাই সংসদ ভবনের মূল প্রবেশ পথে হাজির হয়ে ভিতরে ঢোকার চেষ্টা চালায়। বাধা পেয়েই এক জঙ্গি নিজের শরীরে বাঁধা বোমায় বিস্ফোরণ ঘটায়। প্রচণ্ড শব্দে কেঁপে ওঠে সংসদ ভবন চত্বর। এর পরেই অন্য জঙ্গি নিরাপত্তা রক্ষীদের লক্ষ্য করে গুলি চালাতে শুরু করে। পাল্টা গুলি চালিয়ে ওই জঙ্গিকেও নিকেশ করেন পুলিশ আধিকারিকরা।

## তামিলনাড়ুর বাস দুর্ঘটনায় প্রাণহানির খবরে প্রধানমন্ত্রীর শোকপ্রকাশ

**নতুন দিল্লি, ১ অক্টোবর, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তামিলনাড়ুর নীলগিরি জেলায় বাস দুর্ঘটনায় প্রাণহানির খবরে শোকপ্রকাশ করেছেন। স্বজনহারা পরিবারগুলিকে তিনি সমবেদনা জানান। শ্রী মোদী পিএমএনআরএফ থেকে নিহতদের নিকটজনকে এককালীন ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা আর্থিক সাহায্য দেওয়ার কথা ঘোষণা করেছেন। এক্স পোস্টের এক বার্তায় প্রধানমন্ত্রীর দপ্তর থেকে জানানো হয়েছে; "তামিলনাড়ুর নীলগিরি জেলায় কুনুরের কাছে বাস দুর্ঘটনার খবরে আমি মর্মাহত। স্বজনহারা পরিবারগুলিকে সমবেদনা জানাই। আহতদের দ্রুত আরোগ্য কামনা করি। পিএমএনআরএফ থেকে নিহতদের নিকটজনকে এককালীন ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে : প্রধানমন্ত্রী @narendramodi"

## দিল্লি ক্যান্টনমেন্টে স্বচ্ছতা হি সেবা কর্মসূচির আওতায় প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাজনাথ সিং পরিচ্ছন্নতা অভিযানের নেতৃত্ব দেন এবং বৃক্ষ রোপন করেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্বচ্ছতা হি সেবা বা পরিচ্ছন্নতাই সেবা কর্মসূচির আওতায় দিল্লি ক্যান্টনমেন্টে কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্ট 'এক তারিখ, এক ঘন্টা, এক সাথ' কর্মসূচি উদযাপন করেছে। পরিচ্ছন্নতা অভিযানে স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অঙ্গ হিসেবে পরিচ্ছন্নতা ও বৃক্ষ রোপণ কর্মসূচির নেতৃত্ব দেন প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাজনাথ সিং। তিনি এই অনুষ্ঠানে সাফাই কর্মীদের নিরলস উদ্যোগের প্রশংসা করেন। মহাত্মা গান্ধী যে স্বচ্ছ ভারত (পরিচ্ছন্ন ভারত)-এর স্বপ্ন দেখতেন তা বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় সরকারের উদ্যোগকে সহায়তার আবেদন জানান তিনি। দেশজুড়ে প্রতিরক্ষা মন্ত্রকের ১,১০০-র বেশি দপ্তরে ২০,০০০ আধিকারিক ও কর্মী পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন। তাঁরা জঞ্জাল সাফাই, পুরানো ফাইলের অপসারণ এবং পরিচ্ছন্নতা বজায় রাখার ওপর সচেতনতামূলক কর্মসূচিতে অংশগ্রহণ করেন। প্রতিরক্ষা মন্ত্রক এবং মন্ত্রকের অধীনস্থ বিভিন্ন দপ্তর ও সংস্থা পরিচ্ছন্নতাই সেবা কর্মসূচিতে যোগ দেয়।

## প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দকে তাঁর জন্মদিনে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

**নতুন দিল্লি, ১ অক্টোবর, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দকে তাঁর জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন। এক্স পোস্টের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন; "প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী @ramnathkovind জিকে তাঁর জন্মদিনে শুভেচ্ছা জানাই। দেশের প্রতি তাঁর সুযোগ্য নেতৃত্ব ও অধ্যবসায় চিরস্মরণীয় হয়ে থাকবে। প্রাজ্ঞ এই মানুষটির নম্র ব্যক্তিত্ব অত্যন্ত হৃদয়স্পর্শী। তাঁর দীর্ঘজীবন ও সুস্বাস্থ্য কামনাকরি।"



ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৭১ সংখ্যা ০২ অক্টোবর, ২০২৩ সোমবার ১৪ আশ্বিন, ১৪৩০

## সম্পাদকীয়

# ভারত ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য সংক্রান্ত যৌথ কর্মীগোষ্ঠীর পঞ্চদশ বৈঠক

ভারত ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য সংক্রান্ত যৌথ কর্মীগোষ্ঠীর পঞ্চদশ বৈঠক বাংলাদেশের ঢাকায় ২৬ এবং ২৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। দু-দিনের বৈঠকে যৌথভাবে পৌরহিত্য করেন ভারতের শিল্প ও বাণিজ্য মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী বিপুল বনসল এবং বাংলাদেশে বাণিজ্য মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রী নুর মহম্মদ মাহবুবুল হক। বৈঠকে বন্দর সংক্রান্ত বিভিন্ন নিষেধাজ্ঞা প্রত্যাহার, বাংলাদেশের সঙ্গে সর্বাঙ্গীন অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি কার্যকর করা নিয়ে আলোচনা এবং বাংলাদেশে অত্যাবশ্যক পণ্য সামগ্রী সরবরাহ সহ বিভিন্ন বিষয় গুরুত্ব সহ আলোচিত হয়েছে


দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের সুবিধার্থে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ থেকে রেলপথে পণ্য রপ্তানীর ক্ষেত্রে ভারতকে অনুমতি দেওয়া হয়েছে। ২০২২-এর ১৭ মে থেকে স্থলবন্দরে কাস্টম সংক্রান্ত ছাড়পত্র দেওয়া হচ্ছে। চট্টগ্রাম এবং মংলা বন্দরের ব্যবহার সংক্রান্ত চুক্তি সফলভাবে কার্যকর হয়েছে। এছাড়াও স্থলবন্দরের মধ্য দিয়ে পণ্য আদান-প্রদান বৃদ্ধি পেয়েছে।

## কলকাতার মেট্রো রেলের ব্লু লাইনে শ্রমদান কর্মসূচি




**কলকাতা, ১ অক্টোবর, ২০২৩ : নিউজ সারাদিন :** কলকাতা মেট্রো রেল ১৬ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর স্বচ্ছতা পক্ষ উদযাপন করছে। এই সময়কালে মেট্রো রেলের বিভিন্ন স্টেশন, ট্রেনের কামরা, হাসপাতাল, কলোনি সহ মেট্রো রেলের আওতাভুক্ত জায়গাগুলিতে পরিচ্ছন্নতা অভিযান চালানো হয়েছে। মেট্রো রেলের উর্ধ্বতন আধিকারিক ও কর্মীরা আজ পয়লা অক্টোবর ব্লু লাইনের সবকটি স্টেশন এবং নোয়াপাড়া কারশেডে স্বচ্ছতার জন্য শ্রমদান কর্মসূচি করেছেন। এই কর্মসূচিতে রেলওয়ে প্রোটেকশন ফোর্স এবং সীমান্ত সুরক্ষা বাহিনীর জওয়ানরা ছাড়াও ভারত সেবাশ্রম সংঘ এবং গুরুদোয়ারা সন্তকুটিয়ার স্বেচ্ছাসেবকরা অংশগ্রহণ করেন। আমাদের জীবনের পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে যাত্রীদের সচেতন করে তুলতে মেট্রো রেলের বিভিন্ন স্টেশন ও ট্রেনের কামরায় নিয়মিত এসংক্রান্ত প্রচার চালানো হয়েছে।

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

দোল পূর্ণিমার রাত্রিতে চন্দ্রগ্রহণের সময় নদীয়া নবদ্বীপের অন্তর্গত প্রাচীন মায়াপুরে চৈতন্য মহাপ্রভু আবির্ভূত হন।কথাগুলো আমার পক্ষে তো এই সময় জানা সম্ভব নয়।তবে আমি বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে সংগ্রহ করে এ কথাগুলো তুলে ধরতে পারছি।এতক্ষণ ধরে নিমাই বা চৈতন্যদেব সম্পর্কে এত কিছু বলার মূল কারণ হল, মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের প্রকৃত জন্মস্থান কোনটি - নবদ্বীপ না মায়াপুর?

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পিতা-মাতা মানব জীবনের গুরুত্ববহ ও অপরিহার্য



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)

ও অসম্মান করে দিল তার যত শুভকর্ম করা আছে সব নিষ্ফল হয়ে যেতে বাধ্য। সন্ন্যাসীও যদি মাকে অনাদর করে সংসার ছেড়ে বেরিয়ে আসে সেই সন্ন্যাসীরও কিন্তু নানা ঝামেলার মধ্যে পড়তে হবে। শঙ্করাচার্যও তাই সন্ন্যাস নেওয়ার আগে মাকে বলেই দিয়েছিলেন তুমি অনুমতি না দিলে আমি কখনই সন্ন্যাস নেব না। মা বাবাকে কখনই অনাদর করবে না। মা-বাবার সঙ্গে মনোমালিন্য, ঝগড়া হতেই পারে কিন্তু অনাদর পুরো আলাদা ব্যাপার, ঝগড়া আর অনাদর এক নয়। ভীষ্ম নিজের ব্যাপারে বলছেন, হে যুধিষ্ঠির আমি যত শুভকর্ম করতাম তার ফল সব সময় আমি আমার মা বাবার নামে অর্পণ করে দিতাম। এই অর্পণ করে দেওয়ার ফলে আমার সব পূণ্য হাজার গুণ বেড়ে গেছে।

এইজন্যই ভীষ্ম এত মহৎ। যুধিষ্ঠির ভীমকে এক সময় বলছিল সব কর্ম ভগবানকে অর্পণ করলে হাজার গুণ ফল পাবে, পাপ কর্মও যদি দিয়ে দাও তাহলে তার ফলও হাজার গুণ হবে। এটা অবশ্য মজা করে বলা, আসলে তা হয় না। যখন শুভ আর অশুভ কর্ম সবটাই ভগবানকে অর্পণ করে দেওয়া হয় তখন সেটা নিষ্কাম কর্ম হয়ে যায়।

ভীষ্ম বলছেন- দশ জন শ্রোত্রিয় থেকে একজন আচার্য শ্রেষ্ঠ। শ্রোত্রিয় মানে বেদজ্ঞ ব্রাহ্মণ, যিনি বেদ জানেন। বিদ্যা গুরু দশজন আচার্যের সমান। বাবা দশ উপাধ্যায় মানে বিদ্যা গুরুর সমান। মা দশটি বাবার সমান। এখানে বলছেন যে পৃথিবী সব থেকে সম্মানের পাত্র, মা সম্মানে সেই পৃথিবীর থেকেও উঁচু। আমাদের পরম্পারাতে বলা হয়ে আসছে নাস্তি মাতৃসম গুরু, মায়ের মত আর গুরু হয় না। পরের শ্লোকেই ভীষ্ম বলছেন- এর আগে পরম্পরার কথা বলে ভীষ্ম এবার নিজের মত বলছেন 'তবে কি জান আমার মতে গুরুর স্থান মা-বাবার থেকে অনেক উপরে। কারণ মা-বাবা শুধু এই পার্থিব শরীরটা আমাকে দিয়েছেন কিন্তু গুরু দিব্য, অজর ও অমর শরীর দেন।' তার মানে গুরু যখন আমাকে আধ্যাত্মিক পথ দেখিয়ে দিলেন তখন আমার একটা নতুন শরীরের জন্ম হচ্ছে যে শরীরটা দিব্য, অজর ও অমর। তাই গুরুর স্থান সব সময়ই সবার থেকে উপরে। ভারতের মুসলমানরা বলে দিয়েছেন আমরা বন্দে মাতরম্ গান করব না। এর যুক্তি দেখাতে গিয়ে মুসলমানরা বলছেন আমরা মাকে শ্রদ্ধা করি কিন্তু মাকে পুজো করিনা, আমরা পুজো একমাত্র আল্লাকেই করি। এখানে ভীষ্মের মতের কিছুটা আভাস পাওয়া যায়, মা-বাবা আমাকে পার্থিব শরীর দিয়েছেন। এরজন্য তাঁদের পুজো করার কি আছে। যদিও মুসলমানদের মতের সঙ্গে অনেকেই এক মত নন। ভীষ্মের মতে ভগবানকে যেমন পুজো করা হচ্ছে তেমনি গুরুও একই পুজো পাওয়ার যোগ্য, কারণ তিনি আমাকে দিব্য, অজর ও অমর শরীর দিচ্ছেন। তাই গুরুর স্থান অনেক উঁচুতে।

মহাভারতের এই ধারণা গুলো অনেকবার ঘুরে ঘুরে আসবে। এই কারণেই মহাভারতের কথা খুব মন দিয়ে বারবার শুনতে বলা হয়। বাইবেল, কোরানের সব কথা হল ঋষির কথা, যদিও বলা হয় ভগবান বলেছেন, কিন্তু আমরা এগুলোকে ঋষি-বাক্য রূপেই দেখব। যখন কোন ধর্মগ্রন্থে একজন মাত্র ঋষির কথা চলতে থাকবে তখন সেটা একদেশী ও একঘেঁয়ে হয়ে যাবে, যখন দশ জন ঋষির কথা হবে তখন তার মধ্যে অনেক ধরণের চিন্তা ভাবনার সমাবেশ পাওয়া যাবে। ভীষ্ম এটাই বলছেন, পরম্পরাতে বলা হয়ে আসছে মায়ের মত গুরু হয় না, মা-বাবার স্থান অনেক উঁচুতে। ঠিকই বলা হচ্ছে, এখানে কোন সন্দেহ নেই। বলেই আবার বলছেন মা-বাবার এই স্থান সাধারণ জীবনের জন্য ঠিকই বলা হচ্ছে কিন্তু আধ্যাত্মিক জীবনে নয়। আধ্যাত্মিক জীবনে যিনি গুরু তিনিই শ্রেষ্ঠ। গুরুর কথা বলার পর বলছেন, যখন গুরুকে পূজা, শ্রদ্ধা, সম্মান করে প্রসন্ন করা হয় তখন দেবতা ঋষি এরা সবাই খুশী হন। এই হল সংক্ষেপে ধর্ম পালনের মূল কথা। তবে জেনে রেখো মা-বাবা যে সন্তানের জন্ম দিয়েছেন, সেই সন্তান বড় হয়ে যদি বৃদ্ধ মা-বাবার দেখাশোনা না করে তাহলে এর মত পাপাত্মা আর কেউ হতে পারে না।তবে এই লেখার মধ্যে দিও নিজের উপলব্ধির কথাই ফিরে যেতে চাই,

আমি একজন সনাতন ধর্মাবলম্বী। মানে আমি হিন্দু, এই সমাজের হিন্দুরা অনেকেই আমার হিন্দু ধর্মে থেকে দূরে সরিয়ে রাখার চেষ্টাও করেছে। ছোটবেলা থেকে দেখে আসছি আমার মা-বাবা, ভাই-বোন,মামা-মামী-সহ হিন্দু সমাজের সকলেই ধর্মীয় নিয়মনীতি মেনে বিভিন্ন দেবদেবীর পূজার্চনা করে আসছে। নিজেও নিজের এলাকায় প্রতিবছর অনুষ্ঠিত হওয়া প্রায় সব কয়টা পূজায় অংশগ্রহণ করতাম ছোটবেলায়। বেশি আনন্দ উপভোগ করি আমাদের হিন্দু ধর্মের সবচেয়ে জাঁকজমকপূর্ণ দুর্গা পূজায়। আর প্রতিবছর পহেলা বৈশাখের দিনটি শুরু করি গণেশ পূজা করে। বাংলা নববর্ষের এই দিনে অর্থাৎ পহেলা বৈশাখে দেবতা গণেশের পূজা করার সময় নিজে নিজেকে প্রশ্ন করি, "আচ্ছা, এই দেবতা গণেশের হাতির মাথা কেন? তা যেভাবেই হাতির মাথা হয়েছে তো হয়েছেই, কিন্তু গণেশ দেবতার আসল মাথাটা কোথায় কীভাবে পূজিত হচ্ছে? আর হাতির দেহটি কোথায় আছে এবং কীভাবে পূজিত হচ্ছে?"

এ শুধু নিজে নিজেকেই প্রশ্ন করি, কিন্তু উত্তর মেলাতে পারি না এবং কোনও পুরোহিতকে জিজ্ঞেস করলেও সদুত্তর পাই না। তারপরও থেমে থাকি না। এমনিতেই আমার জানার ইচ্ছেটা খুবই বেশি! সেই ইচ্ছে থেকেই শিব পুরাণ ঘেঁটে পেলাম গণেশ দেবতার দেহ থেকে মাথা বিচ্ছিন্ন হওয়ার কাহিনী। কিন্তু গণেশ দেবতার আসল মাথা ও হাতির দেহের অবশিষ্ট কোনও কাহিনী খুঁজে পেলাম না। একদিন আমার বড় দাদা জীবিত থাকতে দাদাকে এবিষয়ে জিজ্ঞেস করলাম। (আমার বড় দাদা বর্তমানে স্বর্গীয়)। জিজ্ঞেস করার পর বড় দাদা বিস্তারিত ঘটনা বললেন। আমি শুনলাম! নিজের প্রশ্নের সাথে বড় দাদার কথা মেলালাম। মিলিয়ে দেখি বড় দাদার কথা আর আমার প্রশ্ন হুবহু মিলেছে।

তা কীভাবে মিললো, সেটা আমি আমার এই লেখার মাঝে প্রকাশ করছি। আগে শিব পুরাণ ঘেঁটে পাওয়া দেবতা গণেশের দেহ থেকে মাথা কীভাবে বিচ্ছিন্ন হলো এবং কীভাবে দেবতা গণেশের দেহে হাতির মাথা স্থাপন হলো, সে বিষয়গুলো তুলে ধরছি। আশা করি সবাই সাথে থাকবেন।

শিব পুরাণে উল্লেখ রয়েছে, একদিন নাকি কৈলাসে স্নানের প্রস্তুতি নিচ্ছিলেন, দেবী পার্বতী। সে সময় তিনি দরজায় পাহারায় বসিয়ে রাখেন শিবের বিশ্বস্ত অনুচর নন্দীকে। আদেশ দেন, যতক্ষণ পার্বতী স্নানঘরে থাকবে ততক্ষণ কাউকে যেন ভিতরে প্রবেশ করতে না দেওয়া হয়। নন্দী পার্বতীর আদেশ পালন করতে পাহারায় বসলেন।

এদিকে সেই সময় সেখানে হাজির স্বয়ং মহাদেব। নন্দী ছিলেন শিবের ভক্ত ও অনুচর। নন্দী শিবের ভক্ত হওয়াতে শিবকে পার্বতীর স্নানঘরে প্রবেশ করতে বাঁধা দিতে পারে না। যখনই শিব পার্বতীর স্নানের সময় স্নান ঘরের সামনে আসে নন্দী শিবকে ভেতরে ঢুকতে দিতে বাধ্য হয়। এতে সময়সময় এরকম পরিস্থিতিতে পার্বতী খুবই বিরক্তিকর অবস্থায় পড়েন।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## অবশেষে হেনস্থার অভিযোগ নিয়ে মুখ খুললেন নিত্যা মেনন





**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** নিত্যা মেনন, ভারতের দক্ষিণী সিনেমা জগতের জনপ্রিয় অভিনেত্রী। 'ওকে কানমানি', 'মেরসাল'-এর মতো ছবিতে অভিনয় করে দর্শকের নজর কেড়েছিলেন তিনি। শুধু দক্ষিণী ছবিতেই নয়, হিন্দি ছবি 'মিশন মঙ্গল'-এ অক্ষয় কুমার, বিদ্যা বালন, তাপসী পান্নু, সোনাক্ষী সিনহার মতো শিল্পীদের সঙ্গে কাজ করেছেন তিনি। সম্প্রতি খবর মেলে, একটি ছবির সেটে নাকি এক তামিল অভিনেতার হাতে হেনস্থার শিকার হয়েছেন অভিনেত্রী। কয়েক দিন আগে সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় ভাইরাল হওয়া বিবৃতিতে দাবি করা হয়, নিত্যা নাকি কোনো এক সাক্ষাৎকারে বলেছেন- "তেলুগু ইন্ডাস্ট্রিতে কাজ করতে আমার কখনো কোনো সমস্যা হয়নি। তবে তামিল ইন্ডাস্ট্রিতে কাজ করতে এসে আমি খুব ভুগেছি। একটা ছবির শুটিং চলাকালীন তো সেই ছবির নায়ক আমাকে হেনস্থা পর্যন্ত করেছিলেন।"

বিবৃতি ভাইরাল হওয়ার পরই জল্পনা বাড়তে থাকে ওই অভিযোগ ঘিরে। এবার বিষয়টি মুখ খুললেন অভিনেত্রী নিজে। নিত্যা জানান, তার এই অভিযোগের খবর নাকি একেবারেই মিথ্যা। সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় নিত্যা লেখেন, "এটা সম্পূর্ণ ভুল একটা খবর। আমি এই সাক্ষাৎকারটাই দিইনি। কেউ যদি জানেন যে এই অভিযোগের রটনা কে ছড়ানো শুরু করেছেন, তাহলে আমাকে দয়া করে জানান। এমন ভুয়া খবর রটানো নিয়ে আমি তার সঙ্গে একবার কথা বলতে চাই।"

এখানেই থামেননি অভিনেত্রী। সাংবাদিকদের উদ্দেশ্যে নিত্যা লেখেন, 'সাংবাদিকতার নামে এমন মিথ্যা রটনা ছড়িয়ে বেড়ানোর বিষয়টাই খুব দুঃখজনক। দয়া করে ভুয়া তথ্য ছড়ানো বন্ধ করুন।"

যেমন বলা, তেমন কাজ। সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় ওই বিবৃতি প্রকাশের কিছুক্ষণ পরেই রটনার জন্য দায়ী ব্যক্তিকে খুঁজেও বের করেন নিত্যা। তারপর অভিনেত্রী আবার লেখেন, "আমরা কেউ এখানে অনন্তকাল ধরে থাকার জন্য আসিনি। সেই সময়ের মধ্যেও লোকজন একে অন্যের সঙ্গে এমন ব্যবহার করার আগে একটুও ভাবেন না। এই ধরনের অকাজ খুব শিগগিরই বন্ধ হওয়া উচিত।"

## ভারতে ছয়শ' কোটির ক্লাবে প্রবেশ করার পথে জওয়ান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতীয় বক্স অফিসে ছয়শ' কোটির ঘর ছোঁয়ার পথে শাহরুখ খানের জওয়ান সিনেমা। তৃতীয় মঙ্গলবারে এসে সিনেমাটি আয় করেছে ৫.১০ কোটি রুপি। সবমিলিয়ে সিনেমাটির ভারতে আয় দাঁড়িয়েছে ৫৭১.২৮ কোটি রুপি। অ্যাটলি পরিচালিত সিনেমাটিতে শাহরুখ ছাড়াও অভিনয় করেছেন দক্ষিণী অভিনেতা বিজয় সেথুপাতি, নয়নতারাসহ আরো অনেকে।

সেপ্টেম্বরের ৭ তারিখ ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে জওয়ান মুক্তি পায়। বিশ্বজুড়ে এক হাজার কোটি রুপির বেশি আয় করেছে জওয়ান। বলিউডের বাণিজ্য বিশ্লেষক তারান আদর্শের মতে, কয়েকদিনের মধ্যেই জওয়ান গদার ২ এর আয়ও ছাড়িয়ে যাবে।

## ফিরছেন টাইগার, এক ঝলকেই বাজিমাত সালমানের





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এক ঝলকেই বাজিমাত করলেন বলিউড ভাইজান'খ্যাত সালমানা খান। আগেই ঘোষণা দিয়েছিলেন দীপাবলিতে মুক্তি পাবে তার নতুন ছবি 'টাইগার ৩'। দর্শকদের মধ্যে ইতিমধ্যেই এই ছবি নিয়ে কৌতূহলের পারদ ঊর্ধ্বমুখী। দর্শকদের উত্তেজনাকে আরও কিছুটা বাড়িয়ে দিতেই ছবির বিশেষ প্রথম টিজার হিসাবে বার্তা দিলেন সালমান।

আজ বুধবার প্রকাশিত ১ মিনিট ৪৩ সেকেন্ডের ভিডিওতে টাইগার অবতারে ভাইজানকে দেখেই হইচই নেটপাড়ায়। টাইগার ৩-এর টিজার দেখেই সালমান ভক্তরা বলছেন, এই ছবি 'পাঠান' ও 'জওয়ান' ছবির রেকর্ড ভেঙে হাজার কোটির থেকেও বেশি ব্যবসা করবে।



এ সিনেমার প্রচারের অংশ হিসেবে এক ঝলক প্রকাশ করেছে যশরাজ ফিল্মস। বুধবার প্রযোজনা প্রতিষ্ঠানটির ইউটিউব চ্যানেলে মুক্তি পায় এটি। এ ভিডিওর শিরোনাম দেওয়া হয়েছে 'টাইগার কা মেসেজ' অর্থাৎ 'টাইগারের বার্তা'। ভিডিওর শুরুতে দেখা যায়, টাইগার অর্থাৎ সালমান খান জনগণের জন্য বার্তা রেকর্ড করছেন।

এ বার্তায় সালমান বলেন, আমার নাম অবিনাশ সিং রাঠোর। আপনাদের জন্য টাইগার হয়েছি। ভারতকে নিরাপদ রাখার জন্য আমি আমার জীবনের ২০টি বছর ব্যয় করেছি। বিনিময়ে কখনো কিছু চাইনি। 'র' এজেন্ট টাইগার হাতেনাতে ধরা পড়েছিল। তারা আপনাকে বলবে, টাইগার আপনার শত্রু। টাইগার একজন বিশ্বাসঘাতক।

এমন অনেক বার্তা এই ভিডিওতে দিয়েছেন টাইগার। এ বার্তা দেওয়ার পাশাপাশি ধুন্ধুমার অ্যাকশন দৃশ্য রয়েছে ১ মিনিট ৪৩ সেকেন্ড দৈর্ঘ্যের এ ভিডিওতে। মারমুখী ভঙ্গিতে সালমানকে দেখে উচ্ছ্বাস প্রকাশ করছেন তার ভক্তরা।

'টাইগার থ্রি' সিনেমায় অতিথি চরিত্রে দেখা যাবে শাহরুখ খানকে। সিনেমাটির অ্যাকশন দৃশ্যে সালমানের সঙ্গে হাজির হবেন শাহরুখ। তাদের অ্যাকশন দৃশ্যের জন্য প্রযোজক আদিত্য চোপড়া ৩৫ কোটি রুপি ব্যয় করেছেন।

টাইগার সিরিজের আগের দুই সিনেমা 'এক থা টাইগার' এবং 'টাইগার জিন্দা হ্যায়'-এর মতো নতুন সিনেমাটিতেও সালমানের বিপরীতে নায়িকা হিসেবে থাকছেন ক্যাটারিনা কাইফ। এটি পরিচালনা করছেন মণীশ শর্মা।

## ১১ বছর পর ফের বাবা হচ্ছেন জিৎ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের বাবা হতে যাচ্ছেন ভারতীয় বাংলা সিনেমার অভিনেতা জিৎ। স্ত্রী মোহনা মাদনানির বেবি বাম্পের ছবি পোস্ট করে এ ঘোষণা দিয়েছেন তিনি।

ইনস্টাগ্রাম পোস্টে জিৎ লিখেছেন, 'আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, আমাদের আরেকটি সন্তান আসছে। আমাদের জন্য প্রার্থনা করবেন।' তারপর থেকে নেটিজেনদের শুভেচ্ছা বার্তায় ভাসছেন জিৎ। শুভেচ্ছা জানিয়েছেন শোবিজ অঙ্গনের তারকারাও।

নীল রঙের পোশাক পরে 'ম্যাটারনিটি শুট' করেছেন মোহনা। আর তার সঙ্গী হয়েছেন জিৎ ও তাদের কন্যা। এসব ছবিতে প্রকাশ্যে মোহনার স্ফীতোদর। ছবি দেখে বোঝা যাচ্ছে, দ্বিতীয় সন্তান আগমনের খুব বেশি দেরি নেই।

২০১১ সালের ফেব্রুয়ারিতে স্কুল শিক্ষিকা মোহনাকে বিয়ে করেন জিৎ। ২০১২ সালের ১২ ডিসেম্বর জিৎ-মোহনার ঘর আলো করে জন্ম নেয় কন্যা। দীর্ঘ ১১ বছর পর দ্বিতীয় সন্তানের বাবা হতে যাচ্ছেন এই নায়ক।

## সাত বছর পর
# ভারতে পাকিস্তান ক্রিকেট দল



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ভিসা সমস্যা মিটে যাওয়ার পর বুধবার দুবাই হয়ে হায়দরাবাদে পৌঁছান পাকিস্তানি দল। এ নিয়ে সাত বছর পর ভারতে আসলো দলটি। শেষ বার তারা এসেছিল টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে।

বাবরদের দলের বেশির ভাগ ক্রিকেটার এবার প্রথম বার ভারতের মাটিতে ক্রিকেট খেলবেন। এক দিনের বিশ্বকাপে তাই পরীক্ষার মুখে পড়তে হতে পারে পাকিস্তানকে।

হায়দরাবাদে ২৯ সেপ্টেম্বর প্রস্তুতি ম্যাচ খেলবেন বাবরেরা। সেখানেই পৌঁছে গিয়েছেন তারা। নিউজিল্যান্ড এবং অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলবে পাকিস্তান। বিশ্বকাপে বাবরদের প্রথম ম্যাচ ৬ অক্টোবর। নেদারল্যান্ডসের বিরুদ্ধে হায়দরাবাদেই খেলবে তারা। পরের ম্যাচ শ্রীলঙ্কার বিরুদ্ধে। ভারতের বিরুদ্ধে পাকিস্তান খেলবে ১৪ অক্টোবর। আমদাবাদে হবে সেই ম্যাচ।

## টি-টোয়েন্টির সব রেকর্ড তছনছ করল নেপাল:
# ২০ ওভারে ৩১৪, ৯ বলে ৫০ রান!



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : টি-টোয়েন্টি ক্রিকেটের সর্বোচ্চ রানের রেকর্ড নতুন করে লিখল নেপাল। এশিয়ান গেমসের ক্রিকেট টুর্নামেন্টে চীনের হাংঝুতে মঙ্গোলিয়ার বিপক্ষে এই রেকর্ড গড়ে দক্ষিণ এশিয়ার দেশটি। এই ম্যাচে ৩ উইকেট হারিয়ে ২০ ওভারে ৩১৪ রান তুলেছে নেপাল। গোটা আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটেই এটা সর্বোচ্চ রান। এর আগে এই রেকর্ড ছিল আফগানিস্তানের দখলে। আয়ারল্যান্ডের বিপক্ষে ২০১৯ সালে ৩ উইকেট হারিয়ে ২৭৮ রান তুলেছিল আফগানরা। এই ম্যাচে আরো রেকর্ড গড়েছে নেপাল। এক ইনিংসে সর্বোচ্চ ২৬টি ছক্কা হাঁকিয়েছে নেপালিরার। যার আগে আফগানরা হাঁকিয়েছিল ২২টি। সবচেয়ে মজার বিষয় হলো আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে দ্রুততম হাফ সেঞ্চুরি ও সেঞ্চুরির রেকর্ডটাও নিজেদের করে নিয়েছে নেপাল। নেপালের দীপেন্দ্র সিং আইরে মাত্র ৯ বলে অর্ধশতক তুলে নিয়েছেন। তিনি ভারতের যুবরাজ সিংয়ের ১২ বলে হাফ সেঞ্চুরির রেকর্ড ভেঙে দিয়েছেন। আইরে ১০ বলে ৫২ রান তুলে অপরাজিত ছিলেন। তার মধ্যে তিনি ৮টি ছক্কা হাঁকিয়েছেন। তার স্ট্রাইকরেট ছিল ৫২০। অন্যদিকে রোহিত শর্মা ও ডেভিড মিলারকে পেছনে ফেলে টি-টোয়েন্টিতে দ্রুততম সেঞ্চুরির রেকর্ড নিজের করে নিয়েছেন নেপালের কুশাল মাল্লা। ৩৪ বলে শতক তুলে নিয়েছেন তিনি। ৫০ বলে করেছেন ১৩৭ রান। এই ইনিংসে তিনি আটটি চার ও ১২টি ছক্কা হাঁকিয়েছেন। রোহিত ও মিলার ৩৫ বলে টি-টোয়েন্টিতে শতক হাঁকিয়েছিলেন। আর নেপাল এসব রেকর্ড গড়েছে মঙ্গোলিয়ার বিপক্ষে।

## মাঠে নামতে পারলেন না মেসি,
# শিরোপাও জেতা হলো না মায়ামির




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : মেসি ম্যাজিকে গতমাসে প্রথম কোনো টুর্নামেন্টের শিরোপা জিতেছিল ইন্টার মায়ামি। আরেকটি শিরোপা জেতার সুবর্ণ সুযোগ পেয়েছিল তারা। কিন্তু ইনজুরির কারণে মেসি মাঠে নামতে পারলেন না, তাই শিরোপাও জেতা হলো না।

২৮ সেপ্টেম্বর ইউএস ওপেন কাপের ফাইনালে হাউস্টন ডায়নামোর কাছে ২-১ গোলে হেরে গেছে মেসিবিহীন ইন্টার মায়ামি। প্রথমার্ধেই ডায়নামোর পক্ষে গোল দুটি করেন গ্রিফিন ডোরসি ও আমিনে বাসি। ম্যাচের অন্তিম মুহূর্তে মায়ামির পক্ষে একটি গোল শোধ করেন জোসেফ মার্টিনেজ।

ঘরের মাঠের ফাইনালে মেসি ছিলেন দর্শকসারিতে। সেখানে বসে দেখেছেন সতীর্থদের অসহায় আত্মসমর্পণ। ফল দেখে যতটা প্রতিদ্বন্দ্বিতার আভাস পাওয়া যাচ্ছে, মাঠের খেলায় তার ছিটেফোঁটাও দেখাতে পারেনি মায়ামি। প্রথমার্ধের বিরতির আগে গোলে শট নেওয়ার ক্ষেত্রে ১৮-১ ব্যবধানে এগিয়ে ছিল ডায়নামো। গ্রিফিন ও বাসির গোলে জয় পেলেও এদিন ম্যাচের সব আলো কেড়ে নিয়েছেন ২১ বছর বয়সী নেলসন কুইনোনেস। ম্যাচ জুড়েই অসাধারণ খেলেছেন এই লেফট উইঙ্গার।

ম্যাচের প্রথমার্ধেই অবশ্য ৩-০ গোলে এগিয়ে যেতে পারত ডায়নামো। ১৭ মিনিটেই মায়ামির জালে বল পাঠিয়েছিলেন কুইনোনেস। কিন্তু অফসাইডের কারণে গোলটি বাতিল করে দেন রেফারি।

দ্বিতীয়ার্ধে মেসির দলের কোচ জেরার্দো মার্টিনো একের পর এক খেলোয়াড় বদল করেন, তাতে ডায়নামোর আক্রমণের গতি কিছুটা কমে আসে। ম্যাচের শেষ দিকে জোসেফ একটি গোল শোধ করলে কিছুটা আশা অবশ্য দেখছিল মায়ামির সমর্থকরা, কিন্তু ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে।

এর আগে মেসির অবর্তমানে লিগের খেলায় অরল্যান্ডো সিটিকেও হারাতে পারেনি মায়ামি। ১-১ গোলে ড্র হয়েছিল সে ম্যাচ।

## প্রস্তুতি ম্যাচ দিয়ে
# প্রস্তুত হতে চান উইলিয়ামসন



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : গত বছরের আইপিএলের প্রথম ম্যাচেই ইনজুরিতে পড়েন কেন উইলিয়ামসন। ছয় মাস মাঠের বাইরে তিনি। ইনজুরি কাটিয়ে কেবল নেট সেশন করেছেন নিউজিল্যান্ডের ৩৩ বছর বয়সী এই অধিনায়ক। এখনও ম্যাচ অনুশীলন হয়নি তার। আগামী শুক্রবার পাকিস্তানের বিপক্ষে ও ২ অক্টোবর দক্ষিণ আফ্রিকার বিপক্ষে গা গরমের ম্যাচ খেলবে কিউইরা। ওই দুই ম্যাচ খেলে যতটা সম্ভব বিশ্বকাপের জন্য প্রস্তুত হতে চান ডানহাতি এই ব্যাটার।

উইলিয়ামসন বলেছেন, নিজের এবং দলের যাতে কোন ক্ষতি না হয় সেটা মাথায় রেখে প্রস্তুতি ম্যাচ দুটি খেলে যতটা সম্ভব প্রস্তুত হতে চাই। বিশ্বকাপের মূল ম্যাচের আগে দুটি প্রস্তুতি ম্যাচ পেয়েছি আমরা, খুব করে ম্যাচ দুটির সঙ্গে যুক্ত থাকতে চাইছি। এতোদিন রানিং, ফিল্ডিং, ব্যাটিং অনুশীলন করলাম; এবার ম্যাচে ব্যাটিং করে উন্নতি দেখার সুযোগ।

কিউই ক্যাপ্টেন জানিয়েছেন, তিনি গত কয়েক সপ্তাহ থেকেই ভালো অনুভব করছেন। আশা করছেন, সামনের সময়টা এভাবে যাবে। তবে বিশ্বকাপে যে অনেকবেশি চাপ যাবে সেটাও তিনি জানেন। সেজন্যই ম্যাচ খেলতে চান তিনি।

বিশ্বকাপ মঞ্চে পা রাখলেও উইলিয়ামসন নিজেকে পুরোপুরি ফিট বা প্রস্তুত বলতে পারছেন না। অধিনায়ক এবং দলের সেরা ফিল্ডার হয়েও মাঠে নিজেকে 'লুকিয়ে' রাখতে হতে পারে তার। কারণ ইনজুরি থেকে ফিরেই স্লিপ, পয়েন্ট কিংবা কাভারে ফিল্ডিং করার ঝুঁকি নেবেন না তিনি। উইলিয়ামসন বলেছেন, 'ফিল্ডিং পজিশনের বিষয়টি অবশ্যই বিবেচনায় রাখতে হচ্ছে। আমি সাধারণত মিড অফে ফিল্ডিং করি। ওটাই হয়তো থাকবে। স্লিপে দাঁড়াতাম, সম্ভবত এখন সেখানে দাঁড়াবো না।'

## রিয়ালকে জয়ে ফেরালেন দিয়াজ-জোসেলু




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : অ্যাথলেটিকো মাদ্রিদের মাঠে ৩-১ গোলে বিধ্বস্ত হয়েছিল রিয়াল মাদ্রিদ। ঘরের মাঠে ওই ধাক্কা সামলে নিলো কার্লো আনচেলত্তির দল। বুধবার রাতে লস ব্লাঙ্কোসরা ২-০ গোলে হারিয়েছে লাস পালমাসকে। পয়েন্ট টেবিলে দুইয়ে উঠেছে। চলতি মৌসুমে এখন পর্যন্ত দলটির সেরা তারকা জুড বেলিংহ্যামকে এই ম্যাচে বিশ্রাম দিয়েছিলেন রিয়াল কোচ। ওদিকে ইনজুরি ও অসুস্থতা কাটিয়ে উঠলেও শুরুর একাদশে ছিলেন না ভিনিসিয়াস জুনিয়র। তাদের জায়গায় শুরুতে খেলা ব্রাহিম দিয়াজ ও জোসেলু দলকে জিতিয়েছেন।

কর্তৃত্ব করে খেলা রিয়াল মাদ্রিদ প্রথমার্ধের শেষ বাঁশির আগে প্রথম গোল করে। এসি মিলানে ধারের মেয়াদ শেষ করে ঘরে ফেরা ব্রাহিম দিয়াজ দলকে লিড এনে দেন। তার গোলে সহায়তা দিয়েছেন রাইট উইঙ্গ ব্যাক লুকাস ভাসকেস। দ্বিতীয়ার্ধের শুরুর দিকে লিড ২-০ করে ফেলে লস ব্লাঙ্কোসরা। গোল করেন দলটির স্প্যানিশ স্ট্রাইকার জোসেলু। তাকে দিয়ে গোল করান রদ্রিগো গোয়েস। এরপর বদলি হয়ে মাঠে নেমে ভিনিসিয়াস জুনিয়র কিছু ঝলক দেখালেও গোল করতে পারেননি।

## ম্যানসিটির বিদায়



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ইংলিশ প্রিমিয়ার লিগ কিংবা চ্যাম্পিয়ন্স লিগের নতুন মৌসুম শুরুর পর একে একে সব ম্যাচেই জয় আসছিলো ম্যানচেস্টার সিটির। কিন্তু ইংলিশ লিগ কাপে খেলতে নেমেই পরাজয়ের স্বাদ নিতে হলো পেপ গার্দিওলার শিষ্যদের। নিউক্যাসলের কাছে ১-০ গোলে হেরে টুর্নামেন্টের তৃতীয় রাউন্ড থেকেই বিদায় নিতে হলো গত আসরে ট্রেবল চ্যাম্পিয়নদের।

সেন্ট জেমস পার্কে নিউক্যাসলের হয়ে আলেকজান্ডার আইজ্যাক একমাত্র গোলটি করে বিদায় নিশ্চিত করেন ম্যানসিটির। ইংলিশ লিগ কাপে গত আসরের ফাইনালিস্ট ছিল নিউক্যাসল ইউনাইটেড। তাদের কাছে হেরে বিদায় নিলো আটবারের চ্যাম্পিয়নরা।

লিগ কাপের ম্যাচ। এ কারণে আর্লিং হালান্ড, কাইল ওয়াকার এবং ফিল ফোডেনকে বসিয়ে রেখেই দল সাজান কোচ পেপ গার্দিওলা। তবুও, প্রথমার্ধে বেশ চাপে রাখে তারা নিউক্যাসলকে। কিন্তু গোলটাই হলো না শুধু তাদের। ধারার বিপরীতেই বলতে গেলে গোল হজম করে বসে ম্যানসিটি। ৫৩তম মিনিটে আলেকজান্ডার আইজ্যাক গোল করে কিউক্যাসলকে এগিয়ে দেন। দ্বিতীয়ার্ধে মাঠে নামেন ফিল ফোডেন এবং জেরেমি ডোকু। কিন্তু দলকে সমতায়ও ফেরাতে পারেননি তারা। হালান্ড শেষ পর্যন্ত বেঞ্চেই বসে থাকেন এবং দলের পরাজয় দেখেন।

## হাসারাঙ্গাকে ছাড়াই
# বিশ্বকাপে যাচ্ছে শ্রীলঙ্কা




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : বিশ্বকাপ দলে যাকে নিয়ে সবচেয়ে বেশি জল্পনাকল্পনা ছিল সেই ওয়ানিন্দু হাসারাঙ্গাকে ছাড়াই ১৫ সদস্যের স্কোয়াড সাজাল শ্রীলঙ্কা। এশিয়া কাপের দল থেকে কেবল দুটি পরিবর্তনই আনা হয়েছে বিশ্বকাপ দলে। প্রমোদ মাদুশানের জায়গায় দিলশান মাদুশঙ্কা ও বিনুরা ফার্নান্দোর জায়গায় ঢুকেছেন লাহিরু কুমারা। এছাড়া বাদ পড়েছেন সাহান আরাচিগে। চোটের কারণে এশিয়া কাপ ফাইনাল না খেলা মাহিশ থিকশানা ফিরেছেন দলে। গত মাসে লঙ্কান প্রিমিয়ার লিগের প্লে-অফের ম্যাচ খেলার সময় হ্যামস্ট্রিং গ্রেড-থ্রি ছিঁড়ে যায় হাসারাঙ্গার। এ কারণে গত এশিয়া কাপেও খেলা হয়নি তার। এমনকি অস্ত্রোপচারও প্রয়োজন হতে পারে তার। এশিয়া কাপ থেকে ছিটকে পড়ার পর বিশ্বকাপে খেলার লক্ষ্যে পুনর্বাসন প্রক্রিয়ার মধ্যেই ছিলেন তিনি। কিন্তু চোটের আরও অবনতি হওয়ায় শেষ পর্যন্ত বিশ্বকাপে দর্শক হয়েই থাকতে হলো হাসারাঙ্গাকে। আগামী ৭ অক্টোবর দিল্লিতে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ শুরু করবে লঙ্কানরা। শ্রীলঙ্কার বিশ্বকাপ স্কোয়াড: দাসুন শানাকা (অধিনায়ক), কুশল মেন্ডিস, পাথুম নিসাঙ্কা, কুশল পেরেরা, দিমুথ করুনারত্নে, চারিথ আসালাঙ্কা, সাদিরা সামারাবিক্রমা, ধনঞ্জয়া ডি সিলভা, দুনিথ ওয়েলালাগে, কসুন রাজিথা, মাথিশা পাথিরানা, লাহিরু কুমারা, মাহিশ থিকশানা, দুশান হেমন্ত, দিলশান মাদুশঙ্কা। রিজার্ভ: চামিকা করুনারত্নে।

## বিশ্বকাপে নিউজিল্যান্ড দলে
# যোগ দিচ্ছেন টিম সাউদি




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বিশ্বকাপে নিউজিল্যান্ড দলের সঙ্গে যোগ দিচ্ছেন পেসার টিম সাউদি। আগামী শনিবার ভারতের উদ্দেশে উড়াল দেবেন তিনি। আগামী ৫ অক্টোবর থেকে ভারতে শুরু হবে বিশ্বকাপ। উদ্বোধনী দিনে ইংল্যান্ডের বিপক্ষে মাঠে নামবে নিউজিল্যান্ড। এ ম্যাচের আগেই ফিট হয়ে ওঠার আশায় আছেন সাউদি। সেটি করতে পারলে এবং ইংল্যান্ডের বিপক্ষে ম্যাচ খেলার সুযোগ পেলে সাউদির ক্যারিয়ারে এটি হবে পঞ্চম বিশ্বকাপ। লর্ডসে গত ১৫ সেপ্টেম্বর ইংল্যান্ডের বিপক্ষে চতুর্থ ও শেষ ওয়ানডেতে আঙুলে চোট পেয়েছিলেন সাউদি। এরপর অস্ত্রোপচার করানো হয় তার আঙুলে। বিশ্বকাপ শুরুর আগে তার সুস্থ হয়ে ওঠা নিয়ে শঙ্কা ছিল। কিন্তু সেই শঙ্কা দূর করে নিউজিল্যান্ডের বিশ্বকাপ দলে যোগ দেওয়ার ছাড়পত্র পেয়েছেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক : ড. রতন কুমার বাড়ৈ

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR